



প্রধানমন্ত্রীর উপস্থিতিতে জামায়াতে ইসলামীর ইফতার মাহফিল



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

শনিবার (২৮ ফেব্রুয়ারি) বিকেল সাড়ে ৫টায় চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে জামায়াতে ইসলামীর আয়োজন করা ইফতার মাহফিলে উপস্থিত হন প্রধানমন্ত্রী তারেক রহমান। বক্তব্যে তিনি বলেন, দেশের গুরুত্বপূর্ণ সময়ে সবাই একত্রিত হয়েছি। নির্বাচনের মাধ্যমে গণতন্ত্রের যাত্রা শুরু হয়েছে, যা হাজারো মানুষের ত্যাগের বিনিময়ে অর্জিত হয়েছে। প্রধানমন্ত্রী আরও যোগ করেন, দেশের মানুষ আমাদের দিকে অনেক প্রত্যাশা নিয়ে তাকিয়ে আছে। আল্লাহর নামে শপথ নিলে আমরা আগামী দিনে মানুষের ভাগ্য পরিবর্তনে কাজ করতে পারব এবং আল্লাহ যেন আমাদের তৌফিক দান করেন।

LENS ASIA